গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mor.gov.bd

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মো: হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ৩০/১০/২০২২
সময় : বেলা ০২.৩০ ঘটিকা
সভার স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষে (কক্ষ নং-৯৩০)

**সভার উপস্থিতি:**

সভায় মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলপথ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং রেলপথ মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে উপস্থাপন করা হলো।

২। **প্রারম্ভিক আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন ২০২২-২৩ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মকৌশল নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন করে যথাযথ প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেন। সেবা গ্রহীতাকে নির্দিষ্ট সময়ে ও নির্ধারিত মূল্যে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য তিনি সকলকে আহ্বান জানান।

২.২ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এনআইএস রেলপথ মন্ত্রণালয় বলেন, ইতোমধ্যে ২০২২-২৩ অর্থবছরের প্রথম কোয়ার্টারেরর শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সমস্ত কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়ন করে প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে৷ ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পর্যালোচনা এবং করণীয় সর্ম্পকে আলোচনা করার জন্যই আজকে ২য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে৷

২.৩ সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) ২০২২-২৩ অর্থবছরের নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (প্রশাসন-২) সভাকে জানান, ১ম কোয়ার্টারের সভায় ০৫টি সিদ্ধান্ত নেয়া হয়েছিলো এবং সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে । উপস্থিত সদস্যবৃন্দ ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

৩. আলোচ্য বিষয় ও আলোচনা, গৃহিত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন দায়িত্ব:

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **অংশীজনের সভা:**<br>সভায় ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ রেলওয়ের অংশীজন সভা আয়োজন বিষয়ে আলোচনা হয়। প্রতি প্রান্তিকে ০১টি করে মোট ০৪টি অংশীজন সভা আয়োজন করতে হবে। সভায় জনানো হয়, বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চলে ১ম কোয়ার্টারের অংশীজন সভা আয়োজন করে প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা শীট দাখিল করেছে৷ | (ক) বাংলাদেশ রেলওয়ে ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারের অংশীজন সভা ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে ঢাকার বাইরে আয়োজন করবে৷<br>(খ) অংশীজন সভা অনুষ্ঠানের প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা শীট দাখিল করতে হবে৷ | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| ২. | **অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেট):**<br>সভায় মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ২.২ এ বর্ণিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কোয়ার্টার ভিত্তিক লক্ষ্য অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) অনুযায়ী কোয়ার্টার ভিত্তিক লক্ষ্য অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে৷ | ১। মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে<br>২। যুগ্মসচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **প্রকল্পের পিএসসি সভা:**<br>সভায় জানানো হয় চলতি অর্থবছরে প্রকল্পের পিএসসি সভা আয়োজনের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নতুন নির্দেশনা পাওয়া গেছে। প্রকল্পের সংখ্যা ১-৩০ হলে ১০০% ভাগ পিএসসি সভা আয়োজন করতে হবে, প্রকল্পের সংখ্যা ৩১-৬০ হলে ৮০% ভাগ পিএসসি সভা আয়োজন করতে হবে,প্রকল্পের সংখ্যা ৬১ বা তদুর্দ্ধ হলে ৬০% ভাগ পিএসসি সভা আয়োজন করতে হবে। পিএসসি সভা সংক্রান্ত বিষয়ে ছক মোতাবেক তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | পিএসসি সভা আয়োজন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অনুবিভাগ প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন) রেলপথ মন্ত্রণালয়<br>২। যুগ্মসচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়। |
| ৪. | **লোকোমোটিভে ফুয়েল ট্র্যাকার:**<br>সভায় জানানো হয় মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.৩ এ জ্বালানী তেলের অপচয় রোধকল্পে ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভ মনিটরিংয়ের কার্যক্রম নেয়া হয়েছে। এক্ষেত্রে ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভের চলাচল মনিটরিং করে মাসভিত্তিক প্রতিবেদন দাখিলের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভের চলাচল মনিটরিং করে মাসভিত্তিক প্রতিবেদন দাখিল করতে হবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২।যুগ্ম সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় |
| ৫. | **ট্রেনে অন বোর্ড প্রদত্ত যাত্রীসেবা নিশ্চিতকরণ:**<br>সভায় বিভিন্ন ট্রেনে অনবোর্ড যাত্রীসেবা নিশ্চিত করণে আলোচনা হয়। সভায় জানানো হয় রেলপথ মন্ত্রণালয়ের তিনজন কর্মকর্তা ১ম কোয়ার্টারে আকস্মিকভাবে ট্রেন চলাচলের সময় পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) ট্রেনে অনবোর্ড প্রদত্ত যাত্রীসেবা নিশ্চিতকরণে রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক প্রতি কোয়ার্টারে ন্যূনতম একটি ট্রেন আকস্মিকভাবে পরিদর্শন করা হবে।<br>(খ) পরিদর্শন কালে ট্রেনের পরিস্কার-পরিচ্ছন্নতা, বিনাটিকেটে যাত্রী চলাচল প্রতিরোধ কার্যক্রম, নির্ধারিত মূল্যে ক্যান্টিনের খাবার বিক্রিসহ অন্যান্য অনবোর্ড প্রদত্ত যাত্রী সেবা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>(গ)পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ভিত্তিতে প্রতিবেদনের তথ্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের নিকট প্রেরণ করতে হবে। | (ক) যুগ্মসচিব (প্রশাসন-২)<br>(খ) উপসচিব (প্রশাসন-৬)<br>(গ)সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়। |

৪। সভাপতি চলতি ২০২২-২৩ অর্থ বছরের রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ করেন। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

04/11/2022

(ড. মো: হুমায়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়